



কিউবার সাহিত্যিক হোসে লেজামা লিমা

কক্ষ সরকার

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

জেমস জয়েস, মার্শাল ব্রুস্ট, এজরা পাউন্ড ও স্টিফেন মালার্মের সঙ্গে কিউবার যে সাহিত্যিকের নাম এক নিঃশব্দে উচ্চারণ করা যায় তিনি হোসে লেজামা লিমা (Jose Lezama Lima)। ১৯শে ডিসেম্বর, ১৯১০ সালে এক ব্যবসায়ী পরিবারে তাঁর জন্ম। হাভানা বিশ্ববিদ্যালয় থেকে আইন বিষয়ে স্নাতকতা অর্জন করেন। ১৯৩১ সালে তাঁর প্রথম কাব্যগ্রন্থ প্রকাশিত হয়। এক পৌরাণিক কাহিনীকে আশ্রয় করে এই কাব্যগ্রন্থের কবিতাগুলি রচিত। গ্রীক লোকশ্রুতি অনুসারে যুবক নার্সিসাস স্বীয় প্রতিমূর্তির প্রেমে পড়ে এবং সেটাই। তার মৃত্যুর কারণ হয়। এই প্রেমাকুত্তিই তৎ কবি লিমার হাতে নতুন জীবন লাভ করে। হাভানার ইউকার গার্সিয়া য় সিয়া থেকে প্রকাশিত লিমার এই কাব্যগ্রন্থের নাম “মুয়ের্টে ডি নার্সিসো” (Muerte de Narciso)। ১৯৩৭ সালে ইংরেজিতে অনুবাদে **Death of Narcissus** নামে প্রকাশিত হয়।

চার বছর পর দ্বিতীয় কাব্যগ্রন্থ “এনিমিগো রিউমার” (Enemigo rumor) হাভানার এসপুমেলা ডি প্লাটা থেকে প্রকাশিত হয়। ১৯৪৫ সালে তাঁর তৃতীয় কাব্যগ্রন্থ “অ্যাভেঞ্চারাস সিগিলোসাস” (Aventuras Sigilosos) অরিজিনেস (Origenes) পত্রিকার পক্ষ থেকে প্রকাশিত হয়। পরের কাব্যগ্রন্থ “লা ফিজোজা” (La fijeza) ১৯৪৯ সালে এখান থেকেই প্রকাশিত হয়। মনে রাখা দরকার এই সময় তিনি অরিজিনেস পত্রিকার সম্পাদনার কাজে নিযুক্ত ছিলেন। এই সাহিত্যপত্র চালনার সুবাদে তাঁর সঙ্গে অনেক বুদ্ধিদীপ্ত লেখক শিল্পী চিত্রকর এবং দার্শনিকের সঙ্গে পরিচয় ঘটে। এঁদের ভেতরে কবি সিমটিও ভিটিয়ার, এলিসিও দিয়াগো, অঞ্জেল গাজটেলা ফিনা গার্সিয়া মাজ; শিল্পী অ্যামেলিয়া পেলাজ, রেনে পোর্টোকারেবা, মারিয়ানো রেড্রিগেজ; দার্শনিক মারিয়া জামব্রানো ও গে পেরেজ সিসনারোস উল্লেখযোগ্য। ধীরে ধীরে এঁদের সঙ্গে তার প্রগাঢ় বন্ধুত্ব গড়ে ওঠে। ফলে অরিজিনেস পত্রিকাকে কেন্দ্র করে তাঁরই নেতৃত্বে একটি নতুন সাংস্কৃতিক আন্দোলন সৃষ্টি হয়। ১৯৪৪-৫৬ পর্যন্ত লিমা এই পত্রিকার সম্পাদক ছিলেন। এছাড়া তিনি আরেকটি বিখ্যাত সাহিত্যপত্র ‘ভার্বাম’ ও ‘সম্পাদনা করেছিলেন।

বলা ভালো যে কিউবার জনজীবনে এই পত্রিকা দুটির প্রভাব কম ছিল না। লেজামা লিমার আগে অরিজিনেসের পত্রিকার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত ছিলেন হোসে মার্টি (Jose Marti); কিউবার স্বাধীনতা সংগ্রামের কিংবদন্তী নায়ক। ফলত তাঁরই প্রয়োজনায় স্বাধীনতা সংগ্রামের পরিপূরক হিসেবে এই পত্রিকাটি গড়ে উঠেছিল। লিমা সেই দুর্লভ গৌরবময় ঐতিহ্যের সার্থক উত্তরাধিকার। সাংস্কৃতিক মানোন্নয়নের এই বহু ধারাকে তিনি আরো উন্নত ও প্রসারিত করে দিয়েছিলেন। এই পর্যায়ে প্রকাশিত হলো তাঁর বিখ্যাত গল্পগ্রন্থ “লা এক্সপ্রেশন আমেরিকানা” (La expression Americana)। ১৯৫৭ সালে প্রকাশিত এই গল্পগ্রন্থে কিউবার জনজীবনের চারশতাব্দীর বৈশিষ্ট্যপূর্ণ ইতিহাস বিধৃত হয়েছে। ফলে ঔপনিবেশিকতা এসেছে, তার দ্বন্দ্ব ও বিরোধ এসেছে। এসেছে রোমান্টিকতা ও স্বাধীনতার দীপ্ত লড়াই। সাংস্কৃতিক বৈচিত্র্যময় উপাদানগুলিও এসেছে অনিবার্যভাবে তাঁর গল্পগুলিতে। প্রায় সাতাল্ল বছর পরে কিউবার মানুষের মুক্তির স্বপ্ন বাস্তবায়িত হলো ১৯৫৯ সালে। দেশ স্বৈরশাসনের হাত থেকে মুক্ত হয়ে নতুন এক সমাজতান্ত্রিক দিকে যাত্রা শু করল। লেজামা লিমা এই স্বপ্নদ্রষ্টাদের একজন, তিনি ফিদেলের (Fidel Castro) নেতৃত্বে কিউবার সমাজতান্ত্রিক বিপ্লবের একজন অনুরক্ত লেখক। তাই তিনি লিখলেন, এই বিপ্লব একটি রূপকথার জগৎ নির্মাণ করেছে যেখানে সবকিছু সম্ভব। এই উদ্দীপ্ত পটভূমিতেই তিনি প্রকাশ করলেন তাঁর পডোম কাব্যগ্রন্থ “ডাদোর” (Dador) ১৯৬০ সালে। এ বছরেই তিনি কিউবার জাতীয় সংস্কৃতি পরিষদের (National Council of Culture, Cuba) সাহিত্য ও প্রকাশনা বিভাগের ডিরেক্টর হিসেবে কার্যভার গ্রহণ করলেন। ১৯৬১ সালে তিনি কিউবার লেখক শিল্পী সংঘের (National Union of Cuban Writers and Artists) সহসভাপতি পদে নির্বাচিত হলেন।

লেজামা লিমার কবিতায় সেজন্য সৌন্দর্যচেতনার পাশাপাশি নৈতিক সচেতনতাও স্পষ্ট। তাঁর কাব্যগ্রন্থগুলিতে লোককথা (Folklore) এবং ক্যাথলিক ঐতিহ্যের প্রভাব রয়েছে। মনে রাখা দরকার কিউবার আশি ভাগ মানুষই রোমান ক্যাথলিক ধর্মসম্প্রদায়ভুক্ত। Liberation theology -এর মাধ্যমে তারা এই প্রভাবকে সামাজিক কল্যাণের স্তরে উন্নীত করেছেন। এই ধারাতেই লেজামা লিমার কাব্যধারা সম্প্রসারিত হয়েছে। ১৯৪৯ সালে লেজামার কবিতায় একটি নতুন যুগের সূচনা হয়। তিনি প্রকাশ করেন “লা ফিজোজা” কাব্যগ্রন্থটি। এই কাব্যগ্রন্থের ভূয়সী প্রশংসা করেছেন মেসিকোর নোবেলজয়ী অক্টাবিও পাজ (Octavio Paz)। তিনি বলেছেন এর মধ্য দিয়ে ল্যাটিন আমেরিকার সাহিত্য New Avant-garde এর সূচনা হয়েছে।

এই কাব্যের ভাষানির্মাণে লিমা বিশেষ দক্ষতার পরিচয় দিয়েছেন। একটা ভিন্ন প্রকরণ ব্যবহৃত হয়েছে। যাকে তিনি Eros relacionald বা Relatable Eros নামে আখ্যায়িত করেছেন। এই রীতিতে অর্থবোধের চেয়ে সৌন্দর্যবোধ অধিক গুহু পেয়ে থাকে। Martin Heideggers হেল্ডারলিন সম্পর্কে আলোচনা করতে গিয়ে যে মন্তব্য করেছেন তা লিমা সম্পর্কেও সমানভাবে প্রযোজ্য - "The linguistic foundation of beings, in this poetic operation the verbal act is given back its primitive naming power, through which things substantiate before us, during the very happening of the poem." আরেকটি বিষয় এখানে উল্লেখ করা দরকার তা হলো এই সময় তাঁর কাব্যে পাক্সেল ও পিথাগোরাসের প্রতিধ্বনি শোনা যায়। আর তিনি এই সময় টি. এস. এলিয়ট, পল ভ্যালেরি এবং হে

সে লুইস বোর্হেসের মতো কাব্যতত্ত্ব নিয়ে চিন্তাভাবনা শুরু করেন। ফলে এই সময়ের কাব্যগ্রন্থগুলিতে রূপতত্ত্বের (Morphology) পাশাপাশি কাব্যতত্ত্বও (Poetics) গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। “লা ফিজের্জা” (১৯৫৯) এবং “ডাডোর” (১০৬০) এই প্রভাব লক্ষ্য করা যায়।

১৯৬৬ সালে তাঁর প্রথম উপন্যাস “প্যারাডিসো” (Paradiso) প্রকাশিত হয়। প্রকাশের অব্যবহিত পরেই উপন্যাসটি ইংরেজিতে অনূদিত হয়ে সারা পৃথিবীতে ব্যাপক সাড়া জাগায়। তিনি আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেন। “প্যারাডিসো” কাহিনীবৃত্ত চমৎকার। এখানে পৌরাণিক বাতাবরণ ফের উপস্থিত। একটি ছোট্ট পৌরাণিক দ্বীপে ছোট্ট হোসে কেমির (Jose Cemi) জীবনবৃত্তান্ত এখানে বিধৃত। অপরূপ কল্পনাশক্তি, আঙ্গুত করা বর্ণনা, ভাষাপ্রয়োগে সচেতন বিশ্বাস্তি ও তুমুল বিশৃঙ্খলা এবং অসামান্য চরিত্রায়ন উপন্যাসটিকে বিশিষ্ট করে তুলেছে। পুরাণ (Myth), নস্টালজিয়া এবং ভালবাসা এখানে হাত ধরাধরি করে এসেছে। এ উপন্যাসে লেখকের বিশ্লেষণাত্মক জীবনদর্শন যেন প্রকটিত হয়েছে। তিনি বর্ণনায় জেমস জয়েস এবং মার্শাল প্রুস্টকে স্পর্শ করেছেন।

উপন্যাসটির জনপ্রিয়তা এমনই যে ওই বছর (১৯৬৬ সালে) কিউবার তপ কথাসাহিত্যিক জুলিও কোর্তাজার (Julio Cortazar) উপন্যাসটি নিয়ে একটি দীর্ঘ প্রবন্ধ লেখেন। তিনি বলেন — “Lezame is not only hermetic in the literal sense..... for which reason the best of his work proposes the seizure of essences by way of the Mythical and esoteric in all of their historic, Psychic, and literary forms, vertiginously combined within a poetic system..... but he is also hermetic in a formal sense, as much because of the Candour which makes him believe that the most heteroclitic of his metaphorical series will be perfectly understood by everyone, as because of the fact that his form of expression is of baroque style of an original nature.”

কেবলমাত্র খ্যাতি নয়, এই উপন্যাসটি প্রকাশের সঙ্গে সঙ্গে লেজামা লিমাকে নিয়ে তুমুল বিতর্কও শুরু হয়। কেননা এই উপন্যাসের কোনো কোনো অংশে তিনি সমকামিতাকে প্রদর্শন করেছেন। কিউবার বিপ্লবী সরকার তাঁকে এজন্য ভৎসনা করেন। Ireleman Chiampi লিখেছেন — “Paradiso is the dramatization of the image theory, in which the process of 'Progressive apprehension of the essence if incarnated in the action of a novel. But the novel is also includes a theory of Cuban Culture. অঙ্গীকার করা যায় না কিউবার লোক ও লোক-সংস্কৃতির বিচিত্র ও অভিনব দর্শন এই উপন্যাসটি। ১৯৭০ সালে লেজামা লিমার “লা কানটিডাদা হেচিজাদা” (La Cantidad hedificada) নামে একটি প্রবন্ধগ্রন্থ প্রকাশিত হয়। ১৯৭৭ সালে হাভানা থেকে প্রকাশিত হয় “ওপ্পিয়ানো লিকারিও” (oppiano Licario) নামে একটি উপন্যাস। এই উপন্যাসটি তিনি শেষ করে যেতে পারেন নি। তার মৃত্যুর পর প্রকাশিত হয় তাঁর অসংখ্য চিঠিপত্রের অনবদ্য এক সংকলন “ক্যার্টাসঃ ১৯৩৭-৭৬” (Cartas : 1937-76)। ১৯৭৯ সালে প্রকাশিত এই ব্যক্তিগত চিঠিপত্রাদি সংকলনটি সম্পাদনা করেছেন তার স্ত্রী ইলোইসা লেজামা লিমা। এখানেও তাঁর কল্পনাশক্তি এবং কাব্যিক অভিব্যক্তি প্রতিবিম্বিত। চিঠিপত্র কোনোভাবেই আর ব্যক্তিগত স্তরে আবদ্ধ নেই।

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com